ডা. জাফরুল্লাহ চৌধুরীর মৃত্যুবার্ষিকীতে গণ বিশ্ববিদ্যালয়ের শ্রদ্ধা নিবেদন



ছবি: প্রতিনিধি

গণ বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা স্বপ্নদ্রষ্টা ও গণস্বাস্থ্য কেন্দ্রের ট্রাস্টি, বীর মুক্তিযোদ্ধা ডা. জাফরুল্লাহ চৌধুরীর তৃতীয় মৃত্যুবার্ষিকী উপলক্ষে তার স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

শনিবার (১১ এপ্রিল) সকালে উপাচার্য অধ্যাপক ড. মো. আবুল হোসেনের নেতৃত্বে সাভারে অবস্থিত গণস্বাস্থ্য কেন্দ্রে তার সমাধিতে ফুল অর্পণের মাধ্যমে এই শ্রদ্ধা নিবেদন করা হয়।

সকালে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবনের সামনে থেকে একটি র‍্যালি শুরু হয়ে গণস্বাস্থ্য কেন্দ্র প্রাঙ্গণে গিয়ে শেষ হয়। পরে সেখানে সমাধিস্থলে পুষ্পস্তবক অর্পণ, দোয়া ও মোনাজাতের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে উপাচার্যসহ বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধান, কেন্দ্রীয় ছাত্র সংসদের নেতৃবৃন্দ, শিক্ষক-শিক্ষার্থী এবং কর্মকর্তা-কর্মচারীরা অংশ নেন।

প্রসঙ্গত, ডা. জাফরুল্লাহ চৌধুরী ১৯৪১ সালের ২৭ ডিসেম্বর চট্টগ্রামের রাউজানে জন্মগ্রহণ করেন। ২০২৩ সালের ১১ এপ্রিল ঢাকার গণস্বাস্থ্য নগর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মৃত্যুবরণ করেন।